# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় ঃ আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।
www. sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং ঃ সিশিবো/পনি/উমা/২০২২/০৬

তারিখ ঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
০১ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

## এইচএসসি পরীক্ষা- ২০২২ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট- এর আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ২০২২ সালের এইচএসসি পরীক্ষার ফরম পূরণ ও Online- এ পরীক্ষার ফি প্রদানের কার্যক্রম নিম্নোক্ত নিয়মাবলি অনুসরণপূর্বক যথাসময়ে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

১। (ক) কেবলমাত্র বৈধ রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীগণ ২০২২ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে। কোন শিক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

(খ) এইচএসসি পরীক্ষা- ২০২২ উপলক্ষে নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে না; তবে পরীক্ষার্থীদের অধিকতর সফলতার জন্য প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সংখ্যক বিষয় ভিত্তিক প্রস্তুতিমূলক পরীক্ষা গ্রহণ করা যাবে কিন্তু এই পরীক্ষা পরীক্ষার্থীদের জন্য বাধ্যতামূলক নয় বিধায় এ জন্য অতিরিক্ত ফি ধার্য বা আদায় করা যাবে না।

(গ) নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার্থী, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ **সকল ধরণের পরীক্ষার্থীকে অবশ্যই ফরম পূরণ করতে হবে।** ফরম পূরণ ব্যতীত পরীক্ষার্থীর ফলাফল প্রকাশের কোনরূপ সুযোগ নেই।

(ঘ) পরীক্ষার্থীদের পরীক্ষার ফি বাবদ মোট অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে সিলেট শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমাদানপূর্বক জমার রশীদ সংরক্ষণ করতে হবে।

২। এইচএসসি পরীক্ষা- ২০২২ শুরুর সম্ভাব্য তারিখ ঃ ২২/০৮/২০২২ খ্রিষ্টাব্দ।

৩। Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) প্রদর্শন ঃ শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইট **(www.sylhetboard.gov.bd)** এ <u>০৭/০৬/২০২২</u> তারিখে প্রকাশ করা হবে। নিম্নবর্ণিত প্রক্রিয়ায় উক্ত সম্ভাব্য তালিকা হতে <u>০৮/০৬/২০২২</u> থেকে <u>২২/০৬/২০২২</u> তারিখের মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে পরীক্ষার্থী নির্বাচনপূর্বক ফরম পূরণ সম্পন্ন করতে হবে।

**<u>প্রতিষ্ঠানের করণীয় ঃ</u>**

(ক) প্রতিষ্ঠান কর্তৃক সিলেট বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে Student Management—›eFF Confirmation- এ ক্লিক করে EIIN ও Password দিয়ে Login করে Probable List এ যেতে হবে এবং উক্ত তালিকা Print করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে ঠিক চিহ্ন দিয়ে সঠিক পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ডকপিতে (Probable List) ঠিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত Probable List থেকে Select করতে হবে।

(গ) Temporary List Print করে সঠিকভাবে যাচাই-বাচাই করার পর প্রয়োজন হলে প্যানেল থেকে পরীক্ষার্থী Select/Unselect করা যাবে।

(ঘ) এর পর Pay Slip Print করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় Pay Slip এ উল্লিখিত পরিমাণ টাকা জমা করতে হবে।

(ঙ) Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

৪। ইলেক্ট্রনিক ফরম ফিলাপ **eFF** এর কার্যক্রমের সময়সূচি নিম্নে প্রদত্ত হলো ঃ

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক | রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত পরীক্ষার্থীদের তালিকাভূক্তির জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনপত্র দাখিলের শেষ তারিখ : | ০৪/০৬/২০২২ |
| খ | জিপিএ উন্নয়ন এবং এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনপত্র দাখিলের শেষ তারিখ :<br>নোট : যে সকল পরীক্ষার্থী ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে নিয়মিত পরীক্ষার্থীর ন্যায় সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০২১ সালে আংশিক বিষয়ে ফরম ফিলাপ করে উত্তীর্ণ হয়েছে এমন শিক্ষার্থীগণ জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। | ০৪/০৬/২০২২ |
| গ | ২০২১ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা ১ (এক) বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশন নবায়ন করে শুধু ২০২২ সালে ঐ ১ (এক) বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ১০০/- (একশত) টাকা। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনপত্র দাখিলের শেষ তারিখ : | ০৪/০৬/২০২২ |
| ঘ | সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) প্রদর্শন : | ০৭/০৬/২০২২ |
| ঙ | প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে Online- এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে "সোনালী সেবার" মাধ্যমে ফি জমা দেয়ার তারিখ :<br>উল্লেখ্য, একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন পরীক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। এ ক্ষেত্রে পরীক্ষার্থীর পিতা-মাতার নাম মিলিয়ে কাজ করতে হবে। এ ধরণের ভুলের যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধান কে বহন করতে হবে। | ০৮/০৬/২০২২<br>থেকে<br>২২/০৬/২০২২ |
| চ | পরীক্ষার্থীদের "ফি" অনলাইনে জমাদানের শেষ তারিখ : | ২৩/০৬/২০২২ |
| ছ | ফাইনালাইজেশনের তারিখ : | ২৬/০৬/২০২২ |

৫। এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত ঃ

(ক) যে সকল পরীক্ষার্থী ২০১৯/২০২০/২০২১ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছিল, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২২ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে নিয়মিত পরীক্ষার্থীর ন্যায় ৪র্থ বিষয়সহ ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় নির্ধারিত সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০১৯/২০২১ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত হয়ে ২০১৯/২০২১ সালে এইচএসসি পরীক্ষায় ঐ এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিস্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০১৯/২০২০/২০২১ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২২ সালের সকল বিষয় (গ্রুপভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয়)/এক/দুই বিষয়ের পরীক্ষার জন্য ফরম পূরণ করতে পারবে।

(গ) **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের অকৃতকার্য পরীক্ষার্থীগণকে অবশ্যই পরীক্ষার ফরম পূরণ করতে হবে। ফরম পূরণ ব্যতীত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের অকৃতকার্য পরীক্ষার্থীর ফলাফল প্রকাশের কোন সুযোগ নেই।**

৬। ৪র্থ বিষয়ের সুবিধা সংক্রান্ত ঃ

পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপননং-শিম/শা:১০/৭ পরীক্ষা২(গ্রেডিং)/২০০২/৬১০, তারিখ : ০৪/০১/০৩ এর ১(ঞ) এ বর্ণিত নিয়ম মোতাবেক ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণকে ৪র্থ বিষয়ের সুবিধা প্রদান করা হবে।

৭। রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্ত ঃ

(ক) ২০১৭-১৮ সেশনের পূর্বের রেজিস্ট্রেশনধারী কোন পরীক্ষার্থী ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০১৬-১৭ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীগণ রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ের (৪র্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও সকল বিষয় সম্পর্কে নিশ্চিত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল প্রতিষ্ঠান প্রধানকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৮। রেজিস্ট্রেশন নবায়ন ঃ

**(ক) ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অনিয়মিত এবং প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে এবং যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারা কোন অবস্থাতেই রেজিস্ট্রেশন নবায়ন করে ২০২২ সালে একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। ২০২১ সালে এইচএসসি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত প্রাইভেট পরীক্ষার্থীগণ ২০২২ সালে অকৃতকার্য/অনুপস্থিত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।**

**(খ) যে সকল পরীক্ষার্থী ২০১৯, ২০২১ সালের এইচএসসি পরীক্ষার যে কোন এক বা একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এবং যে কোন কারণে তারা ২০১৯,২০২০,২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথচ তাদের ২০২১ সালে রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারাও ১০০/-(একশত) টাকা নবায়ন ফি জমা দিয়ে শুধু একবারের জন্য রেজিস্ট্রেশন নবায়নপূর্বক ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।**

**(গ) **২০২২ সালে রেজিস্ট্রেশন নবায়নকৃত পরীক্ষার্থীর নবায়ন ফি বাবদ অর্থ ফরম পূরনের (eFF) ফি এর সাথে গ্রহণ করা হবে বিধায় নবায়নকৃত পরীক্ষার্থীকে আলাদাভাবে নবায়ন ফি বাবদ অর্থ প্রদান করতে হবে না।**

**বি.দ্র.: আংশিক বিষয়ের পরীক্ষার্থী হিসেবে কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না এবং দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য থাকলে কখনোই রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।**

৯। **জিপিএ উন্নয়ন হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত** ঃ

(ক) রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষার্থীরা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পরের বছরেই এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে; এ ক্ষেত্রে যে সকল পরীক্ষার্থী ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে নিয়মিত পরীক্ষার্থীর ন্যায় সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ হবে। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না। **উল্লেখ্য, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের মূল একাডেমিক ট্রান্সক্রীপ্ট ফরম পুরণের কাজ শেষ হওয়ার পর পরীক্ষা শাখায় (উচ্চমাধ্যমিক) অবশ্যই জমা দিতে হবে। অন্যথায়, পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত কোন প্রকার জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।**

(খ) এক/দুই বিষয়ের অকৃতকার্য যে সকল পরীক্ষার্থী ২০২১ সালের এইচএসসি পরীক্ষার ফরম পুরণ করে প্রবেশপত্র পেয়েছে এবং উত্তীর্ণ হয়েছে তারা কখনই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১০। **পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস ও সময় সংক্রান্ত ঃ** ২০২২ সালের এইচএসসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী প্রনীত প্রশ্নপত্রে পরীক্ষার্থীরা (নিয়মিত ও অনিয়মিত) পরীক্ষায় অংশগ্রহণ করবে। পরীক্ষার মোট সময় ২.০০ ঘন্টা।

১১। সকল প্রকার পরীক্ষার্থীর বোর্ড ফি এর হার নিম্নোক্ত ছকে দেয়া হলো ঃ

| পরীক্ষার্থীর প্রকার | পরীক্ষার ফি (প্রতি পত্র) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | অনিয়মিত ফি(প্রতি পরীক্ষার্থী) | অনুমতি/ তালিকাভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থী) | রেডক্রিসেন্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | অনলাইন ফি (প্রতি পরীক্ষার্থী | বার্ষিক ক্রীড়া এফিলিনেশন ফি (প্রতি কলেজ) | বিএনসিসি ফি (প্রতি পরীক্ষার্থী | রোভার স্কাউট/গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি পরীক্ষার্থী) | উন্নয়ন ফি (প্রতি পরীক্ষার্থী) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| নিয়মিত পরীক্ষার্থী | ১০০/- | ২৫/- | | ১০০/- | .... | .... | | | | | | | |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১০০/- | ২৫/- | | ১০০/- | ১০০/- | .... | | | | | | | |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে (আংশিক বিষয়ের পরীক্ষার্থীসহ) | ১০০/- | ২৫/- | ৫৫/- | .... | ১০০/- | .... | ২০/- | ৫/- | ৩০০/- | ৫/- | ১৫/- | ৫/- | ৫০/- |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১০০/- | ২৫/- | | ১০০/- | .... | ১০০/- | | | | | | | |
| প্রাইভেট পরীক্ষার্থী | ১০০/- | ..... | | ১০০/- | .... | ১০০/- | | | | | | | |
| শুধুমাত্র তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে অকৃতকার্য আংশিক পরীক্ষার্থী | ..... | ..... | | ..... | ১০০/- | ..... | | | | | | | |

অন্যান্য ফি এর হার (যাদের বেলায় প্রযোজ্য) :
(ক) রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ১০০/- (একশত টাকা)।
(খ) প্রাইভেট পরীক্ষার্থীদের ফি : প্রাইভেট পরীক্ষার্থীর ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী) ১০০/- (একশত টাকা)।

১২। কেন্দ্র ফি সংক্রান্ত ঃ (এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরিশোধ করতে হবে)

(ক) এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি (যাদের ব্যবহারিক বিষয় নেই) জন প্রতি ৪০০/- (চারশত টাকা)। (কেন্দ্র ফি থেকে ট্যাগ অফিসারের সম্মানী ও অন্যান্য ব্যয় নির্বাহ করতে হবে)।

(খ) এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি (যাদের ব্যবহারিক বিষয় আছে) জন প্রতি ৪০০/- (চারশত ) + ব্যবহারিক প্রতি পত্রের জন্য ২৫/- (পঁচিশ) টাকা মাত্র।

(গ) এইচএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীন ও বহিরাগত পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ২০/- (বিশ টাকা)। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষাঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীন পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ টাকা) এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ টাকা) হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড কর্তৃপক্ষ টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না।

বি: দ্র: কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দিয়ে সংশ্লিষ্ট কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ তত্ত্বীয় এবং ব্যবহারিক, উভয় প্রকার পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। পরীক্ষা কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ সকল পরীক্ষা পরিচালনার ব্যয়ের ঘাটতি বিশেষ করে ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক দ্রব্যাদিসহ অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের ব্যয় বহন করবেন, এ ক্ষেত্রে বোর্ড কর্তৃক কোনরূপ অনুদান প্রদান করা হবে না। বোর্ড অফিস হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজসরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে। যে প্রতিষ্ঠানে যে বিষয়ে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে সংশ্লিষ্ট বিষয়ের ব্যবহারিক পরীক্ষার ফি উক্ত প্রতিষ্ঠান প্রাপ্ত হবে।

∴ আদায়কৃত কেন্দ্র ফি (ব্যবহারিক ফি ব্যতীত) হতে প্রত্যেক কলেজ ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্রের/ভেন্যুর ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে। ভেন্যু কেন্দ্রের পরীক্ষা পরিচালনার সকল প্রকার ব্যয়ভার মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বহন করবে। নিজ কলেজে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে, পরীক্ষার্থী ও বিষয়ের সংখ্যা অনুপাতে মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা উক্ত কলেজকে ব্যবহারিকের নির্ধারিত ফি প্রদান করবেন।

** বর্ণিত অনলাইন পেমেন্ট সিস্টেমে পরীক্ষার্থীর ফরম পূরণ বাবদ বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনাসহ সর্বমোট ফি শিক্ষার্থী, অভিভাবক, প্রতিষ্ঠান প্রধান ও বোর্ড কর্তৃপক্ষ ফরম পূরণের বিজ্ঞপ্তির মাধ্যমে জানতে পারবে। রেজিষ্ট্রেশন কার্ডে উল্লেখিত সেশন (১ম ও ২য় বর্ষ মিলে সর্বমোট ২৪ মাস) এর বাইরে বেতন/ফি বা অন্য কোন ফি আদায় করা যাবে না।

** কোন অবস্থাতেই নির্ধারিত ফি এর অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না। এ সংক্রান্ত কোন তথ্য দৃষ্টিগোচর হলে বা অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফরম পূরণ প্যানেল বন্ধ করাসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। পরীক্ষার ফি (বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনাদি) বোর্ড ও প্রতিষ্ঠানে প্রেরণ সংক্রান্ত :

(ক) প্রত্যেক প্রতিষ্ঠানকে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠানের হুবহু ইংরেজি নামে নিকটস্থ সোনালী ব্যাংকে একাউন্ট করতে হবে পরীক্ষার যাবতীয় ফি বোর্ডের সচিবের অনুকূলে কেবলমাত্র সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে।

(খ) কোনক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারি চালান ইত্যাদিতে বোর্ডের ফি গ্রহণ করা হবে না।

(গ) বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনক্রমেই পরীক্ষার ফি'র সোনালী সেবা ও অন্যান্য কাগজপত্র গ্রহণ করা হবে না।

(১৪) ২০২২ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশ পদ্ধতি ঃ সকল প্রকার পরীক্ষার্থীর ফল নিম্নোক্ত গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

| লটার গ্রেড | প্রাপ্ত নম্বরের শ্রেণি ব্যাপ্তি | গ্রেড পয়েন্ট |
|---|---|---|
| A+ | 80 - 100 | 5.00 |
| A | 70 - 79 | 4.00 |
| A− | 60 - 69 | 3.50 |
| B | 50 - 59 | 3.00 |
| C | 40 - 49 | 2.00 |
| D | 33 - 39 | 1.00 |
| F | 00 - 32 | 0.00 |

১৫। অন্যান্য বিষয় সংক্রান্ত ঃ

(ক) অবৈধ রেজিস্ট্রেশন, বোর্ডের অনুমতি ছাড়া অবৈধভাবে প্রতিষ্ঠান বদলি ও অভিযুক্ত হওয়ার কারণে কোন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এ ছাড়াও অন্য যে কোন ধরনের অবৈধ শিক্ষার্থীকে পরীক্ষায় অবতীর্ণ হওয়ার অনুমতি দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

(খ) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০২২ সালের এইচএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০১/৬/২০২২

(প্রফেসর অরুন চন্দ্র পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন : ০২৯৯৬৬৪৩৪৩৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলে ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ।
৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৪। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
৬। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৭। মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
১০। প্রতিষ্ঠান প্রধান, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।
১১। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১২। জেলা শিক্ষা অফিসার, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
১৩। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
১৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
১৬। সংরক্ষণ নথি।

০২/০৬/2022

হাবিবা বাছিত
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (চ.দা.)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৩৩২৮